**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা**
**www.pressinform.gov.bd**

বিষয় : সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের সভা'র কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: শাহেনুর মিয়া, প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব), তথ্য অধিদফতর, ঢাকা।
তারিখ : ০১.১২.২০২১ খ্রি.
সময় : সকাল ১০.০০ টায়।
স্থান : তথ্য অধিদফতরের সম্মেলনকক্ষ।

সভায় উপস্থিত তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও মন্ত্রণালয়াধীন বিভিন্ন অধিদপ্তর/সংস্থার প্রতিনিধিদের স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন। সরকারের প্রচার ও উন্নয়ন কর্মকান্ডের তথ্যাদি জনগণের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষ্যে এবং সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের সভা অনুষ্ঠিত হচ্ছে মর্মে বিভিন্ন অধিদফতর/সংস্থার পারস্পরিক সহযোগিতা কামনা করেন। উপস্থিত অধিদফতর/সংস্থার কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন।

সভাপতি মহোদয় সভায় পর্যায়ক্রমে অনলাইন নিউজ পোর্টাল ও আইপিটিভি রেজিস্ট্রেশন কার্যক্রম, ৪র্থ শিল্প বিপ্লব, ই-নথি ব্যবস্থাপনা, এসিআর নীতিমালা, সেবাবক্স হালনাগাদকরণ, জাতীয় শুদ্ধাচার কৌশল এবং অ্যাক্রিডিটেশন কার্ড প্রদান নীতিমালার আলোকে বক্তব্য উপস্থাপন করেন।

সভায় অংশীজন প্রতিনিধিগণের আলোচনা/পরামর্শের পরিপ্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| ক্র.নং | অংশীজন: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধি অংশীজনের সভা আয়োজনে প্রধান তথ্য অফিসার মহোদয়কে ধন্যবাদ জানান। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক রিপোর্ট/প্রতিবেদন যথাসময়ে প্রমাণকসহ প্রেরণের অনুরোধ জানান। এছাড়া, কোন বিষয়ে অস্পষ্টতা থাকলে সরাসরি/মোবাইলে যোগাযোগ করার অনুরোধ জানান। | প্রশাসনিক মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক রিপোর্ট/প্রতিবেদন যথাসময়ে প্রমাণকসহ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী সচিব (প্রশাসন-৪), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা তথ্য অধিদফতর |
| ০২ | জনাব তপন বিশ্বাস সভাপতি বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম | জনাব তপন বিশ্বাস তথ্য অধিদফতরের কর্মকান্ড ও দ্রুত সেবা প্রদানের প্রশংসা করেন। তথ্য অধিদফতরের ওয়েবসাইটে তথ্যবিবরণী ও ফটোকাভারেজ ডাউনলোডের বিড়ম্বনার কথা উল্লেখ করেন এবং যাতে এগুলো সহজে ডাউনলোড করার সুবিধা পাওয়া যায় সে বিষয়ে প্রস্তাব উপস্থাপন করেন। | তথ্যবিবরণী ও ফটোকাভারেজ সহজে ডাউনলোডের জন্য এটুআই এর সাথে আলোচনা করে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ওয়েব এডমিন, তথ্য অধিদফতর |
| ০৩ | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর | ডিএফপি'র প্রতিনিধি জানান, ডিএফপির মিডিয়া তালিকাভুক্তি এবং পত্রিকার প্রচার সংখ্যার হালনাগাদ তথ্যাদি ডিএফপি'র ওয়েবসাইটে প্রকাশ করা হয়। ক্রোড়পত্রের ছবি সরবরাহ এবং ডিএফপির বিভিন্ন প্রকাশনা বিতরণের জন্য ন্যূনতম ০২ জন ডিআর-কে অ্যাক্রিডিটেশন কার্ড প্রদানের অনুরোধ জানান। | আলোচিত বিষয়ে পিআইডি এবং ডিএফপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর এবং মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর |

চলমান পাতা/০২

| ক্র.নং | অংশীজন: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৪ | গণযোগাযোগ অধিদপ্তর | গণযোগাযোগ অধিদপ্তরের উঠান বৈঠক, সড়ক প্রচার, মহিলা সমাবেশ ইত্যাদি বিষয়ে তথ্যবিবরণী তৈরিসহ শিক্ষা, স্বাস্থ্য, বিনোদন বিষয়ক জনসচেতনতামূলক TVC/বিভিন্ন কনটেন্ট সরবরাহের অনুরোধ জানান। এছাড়া, আঞ্চলিক তথ্য অফিসসমূহের তত্ত্বাবধানে বিভিন্ন জেলা হতে পত্রিকায় প্রকাশিত গুরুত্বপূর্ণ সংবাদের ওপর ক্লিপিংস তৈরির প্রস্তাব করেন।<br>দাপ্তরিক কাজের সুবিধার্থে ০২ জন ডিআর-কে অ্যাক্রিডিটেশন কার্ড প্রদানের অনুরোধ জানান, বিভিন্ন প্রকাশনা বিতরণ অব্যাহত আছে মর্মে সভায় জানানো হয়। | তথ্য অধিদফতর এবং গণযোগাযোগ অধিদপ্তর বর্ণিত বিষয়গুলো পারস্পারিক সহযোগিতার মাধ্যমে অব্যাহত রাখবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>অ্যাক্রিডিটেশন কার্ড প্রদানের বিষয় বিবেচনা করা হবে মর্মে সিদ্ধান্ত হয়। | প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর<br>এবং<br>মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর |
| ০৫ | বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড | বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড-এর প্রতিনিধি অংশীজনের সভা আয়োজনে প্রধান তথ্য অফিসার মহোদয়কে ধন্যবাদ জানান। দাপ্তরিক যেকোনো প্রয়োজনে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড সর্বাত্বক সহযোগিতা করবেন মর্মে উল্লেখ করেন। | পারস্পরিক সহযোগিতা অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়। | প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর<br>এবং<br>ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড |
| ০৬ | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রতিনিধি জানান, মাননীয় প্রধানমন্ত্রী, মহামান্য রাষ্ট্রপতির যাবতীয় সংবাদ সকলের নিকট প্রেরণের মাধ্যম হিসেবে Boost করার পরামর্শ দেন। Boosting-এ আর্থিক সংশ্লেষ থাকলেও ব্যাপক প্রচার কৌশলের এটি অন্যতম মাধ্যম। এছাড়া, তথ্য অধিদফতরের ওয়েবসাইট ক্লিক করলেই যেন তথ্যবিবরণী ও ফটোকাভারেজ সরাসরি চলে আসে তার প্রযুক্তিগত ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান। | Boosting-করার আর্থিক সংশ্লেষ/ব্যয় সংগ্রহপূর্বক এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়। | সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস ও মিনিস্ট্রিরিয়াল পাবলিসিটি)<br>ও<br>ওয়েব এডমিন |
| ০৭ | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট | ওয়েবসাইটে সাংবাদিকদের তথ্য উপাত্ত হালনাগাদ করার জন্য সাংবাদিক অন্তর্ভুক্তি ফরম থাকলে যেখান পেশা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য প্রদান করতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। | বিষয়টি সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রোটকল এন্ড লিয়াজোঁ) |
| ০৮ | বাংলাদেশ সংবাদ সংস্থা | বাংলাদেশ সংবাদ সংস্থার প্রতিনিধি জানান, জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নে এবং বাংলাদেশ সংবাদ সংস্থার জেলা পর্যায়ের প্রতিনিধিদের সম্পৃক্ত করলে সরকারের উন্নয়ন কর্মকাণ্ডের প্রচারণা তৃণমূল পর্যায়ে পৌঁছানো সম্ভব হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। এজন্য তথ্য অধিদফতরের কাছে সহযোগিতা বিষয়ে আলোচনা হয়। | শুদ্ধাচার বাস্তবায়ন বিষয়ে বাংলাদেশ সংবাদ সংস্থার প্রতিনিধিকে বিভিন্ন বিষয়ে অবহিত করা হয়েছে।<br>এছাড়া, জেলা পর্যায়ে নিযুক্ত প্রতিনিধিদের সম্পৃক্ত করার বিষয়ে সম্ভাব্য করণীয় নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস ও মিনিস্ট্রিরিয়াল পাবলিসিটি) |

চলমান পাতা/০৩

| ক্র.নং | অংশীজন: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৯ | তথ্য অধিদফতর | তথ্য অধিদফতরের সিনিয়র তথ্য অফিসার (চিফ ফিচার রাইটার) অংশগ্রহণকারী সকলকে ফিচার/প্রবন্ধ লিখার অনুরোধ জানান। এছাড়া, একটি সার্চইঞ্জিন স্থাপনের যোক্তিকতা তুলে ধরেন যার মাধ্যমে একই বিষয়ের সকল তথ্যবিবরণী, ফিচার ও অন্যান্য ডকুইমেন্ট দ্রুত খুঁজে পাওয়া যাবে। | সার্চইঞ্জিন স্থাপনে এক/একাধিক তথ্য প্রযুক্তি বিশেষজ্ঞের পরামর্শ নেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। | সিনিয়র তথ্য অফিসার (সমন্বয় ও বিতরণ) |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৫/১২/২১

মো: শাহেনুর মিয়া
প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৯৫৪৬০৯১

নং-১৫.৫২.০০০০.০১১.১৮.২৩১.১৮(অংশ-৯).৬৮৮৭ তারিখ:০৬.১২.২০২১ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: উপসচিব (প্রশাসন-৪ শাখা), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ।

০২। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, ঢাকা।

০৩। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার/জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট/বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট/ গণযোগাযোগ অধিদপ্তর/চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর/বাংলাদেশ ফিল্ম আর্কাইভ/ঢাকা।

০৪। প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকা।

০৫। সচিব, বাংলাদেশ প্রেস কাউন্সিল, ঢাকা।

০৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।

০৭। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।

০৮। জনাব তপন বিশ্বাস, সভাপতি, বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম, ঢাকা।

০৯। জনাব মাসউদুল হক, সাধারণ সম্পাদক, বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম, ঢাকা।

১০। সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস এন্ড মিনিস্ট্রিরিয়াল পাবলিসিটি/প্রোটকল এন্ড লিয়াজোঁ/মনিটরিং), তথ্য অধিদফতর, ঢাকা।

১১। উপপ্রধান তথ্য অফিসার (সংবাদকক্ষ/মনিটরিং এন্ড নিউজব্রিফ), তথ্য অধিদফতর, ঢাকা।

১২। সিনিয়র তথ্য অফিসার, (প্রশাসন/সমন্বয় ও বিতরণ/প্রেসট্রেন্ড), তথ্য অধিদফতর, ঢাকা।

১৩। ফিচার রাইটার, তথ্য অধিদফতর, ঢাকা।

১৪। প্রশাসনিক, ক্রয়, অতিরিক্ত হিসাবরক্ষণ ও বিতরণ কর্মকর্তা,সহকারী প্রধান আলোকচিত্রগ্রাহক, তথ্য অধিদফতর, ঢাকা

১৫। প্রধান তথ্য অফিসার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা।

১৬। অতিরিক্ত প্রধান তথ্য অফিসার (প্রোটকল এন্ড মনিটরিং) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা।

১৭। সংশ্লিষ্ট নথি।